www.abswer.com



# অধ্যায় ১০ সর্বসমতা ও সদৃশতা

## অনুশীলনী ১০.১ : সর্বসমতা ও ত্রিভুজের সর্বসমতা

### আলোচ্য বিষয়াবলি

• সর্বসমতা • ত্রিভুজের সর্বসমতা • সদৃশতা • সদৃশ ত্রিভুজ • সদৃশ চতুর্ভুজ।

### অনুশীলনীর শিখনফল

অনুশীলনীটি পাঠ শেষে আমি যা জানতে পারব–

- বাহু-কোণ-বাহু উপপাদ্য বিবৃত ও প্রমাণ করতে পারব।
- বিভিন্ন জ্যামিতিক আকার ও আকৃতি হতে সর্বসম এবং সদৃশ আকার ও আকৃতি চিহ্নিত করতে পারব।
- সর্বসমতা ও সদৃশতার মধ্যে পার্থক্য করতে পারব।
- ত্রিভুজের সর্বসমতা প্রমাণ করতে পারব।
- সর্বসমতা ব্যাখ্যা করতে পারব।

### শিখন অর্জন যাচাই

- সর্বসম ও সদৃশ সম্পর্কে ধারণা লাভ করব।
- বিভিন্ন বস্তুর আকার-আকৃতি হতে সর্বসম এবং সদৃশ আকার চিহ্নিত করতে পারব।
- সর্বসমতা ও সদৃশ হওয়ার নিয়ম জানতে পারব।

### শিখন সহায়ক উপকরণ

- বিভিন্ন জ্যামিতিক আকার-আকৃতির বস্তু।
- সর্বসমতা ও সদৃশ সম্পর্কিত পোস্টার।
- পাঠ্যবইয়ের সমস্যা ও কার্যাবলি।

### এক নজরে অনুশীলনীর প্রয়োজনীয় বিষয় জেনে নিই

- সর্বসমতা ও সদৃশতা জ্যামিতির উল্লেখযোগ্য আলোচ্য বিষয়। সর্বসম শব্দটির শাব্দিক অর্থ হলো সর্বদিক দিয়ে সমান। অর্থাৎ দু'টি বস্তু বা জ্যামিতিক ক্ষেত্র যদি সব দিক বিবেচনায় সমান প্রতীয়মান হয় তাদেরকে সর্বসম বলে। সর্বসম প্রমাণ করার জন্য কোনো বস্তুর বা জ্যামিতিক ক্ষেত্রের সব দিক সমান প্রমাণ করা নাও প্রয়োজন হতে পারে। যেমন দুইটি ত্রিভুজ ক্ষেত্র সর্বসম হবে কেবল যদি এদের তিনটি বাহু অথবা দুইটি বাহু, একটি কোণ অথবা দুইটি কোণ একটি বাহু অথবা তিনটি কোণ পরস্পর সমান হয়।
- আবার সদৃশতা হল দেখতে একই রকম একাধিক বস্তু বা জ্যামিতিক ক্ষেত্রের ধর্ম। দুইটি সদৃশ বস্তু বা জ্যামিতিক ক্ষেত্র সমান না-ও হতে পারে। দুইটি সদৃশ ত্রিভুজ দেখতে এক রকম হবে যদিও এদের আকার ভিন্ন বা ছোট-বড় হতে পারে। এদের একটির পরিমাপ জানা থাকলে অপরটির পরিমাপ বের করা যায়।

## অনুশীলন

সেরা পরীক্ষাপ্রস্তুতির জন্য 100% সঠিক ফরম্যাট অনুসরণে সর্বাধিক গাণিতিক সমস্যার সমাধান

শিক্ষার্থী বন্ধুরা, তোমাদের সেরা প্রস্তুতির জন্য এ অংশে কমন উপযোগী সকল গাণিতিক সমস্যা নির্ভুল সমাধান সহকারে সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে গাণিতিক সমস্যাবলিকে অনুশীলনীর সমস্যা, সৃজনশীল অংশ, অনুশীলনমূলক কাজ এবং বহুনির্বাচনি অংশে বিভক্ত করে পাঠের ধারায় উপস্থাপন করা হয়েছে।

## অনুশীলনীর সমস্যার সমাধান — পাঠ্যবইয়ের সমস্যার সমাধান করি

### গাণিতিক সমস্যার সমাধান

**১। চিত্রে CD, AB এর লম্ব সমদ্বিখণ্ডক। প্রমাণ কর যে, ΔADC ≅ ΔBDC.**




সমাধান : দেওয়া আছে, CD, AB এর লম্ব সমদ্বিখণ্ডক। অর্থাৎ CD ⊥ AB এবং AB কে CD সমান দুই ভাগে ভাগ করে। প্রমাণ করতে হবে যে, ΔADC ≅ ΔBDC।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ΔADC ও ΔBDC এ, | |
| (১) AD = BD | [D, AB এর মধ্যবিন্দু] |
| (২) ∠ADC = ∠BDC | [CD ⊥ AB] |
| (৩) এবং CD = CD | [সাধারণ বাহু] |
| ∴ ΔADC ≅ ΔBDC (প্রমাণিত) | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |

**২। চিত্রে CD = CB এবং ∠DCA = ∠BCA। প্রমাণ কর যে, AB = AD.**




সমাধান : দেওয়া আছে, CD = CB এবং ∠DCA = ∠BCA

প্রমাণ করতে হবে যে, AB = AD।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) ΔADC ও ΔABC এর মধ্যে CD = CB | [কল্পনা] |
| (২) অন্তর্ভুক্ত ∠DCA = অন্তর্ভুক্ত ∠BCA | [কল্পনা] |
| (৩) CA = CA | [সাধারণ বাহু] |
| ∴ ΔADC ≅ ΔABC | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| ∴ AB = AD. (প্রমাণিত) | |

**৩। চিত্রে ∠BAC = ∠ACD এবং AB = DC। প্রমাণ কর যে, AD = BC, ∠CAD = ∠ACB এবং ∠ADC = ∠ABC.**




সমাধান : দেওয়া আছে, ABCD চতুর্ভুজে ∠BAC = ∠ACD এবং AB = DC।
প্রমাণ করতে হবে যে, AD = BC, ∠CAD = ∠ACB এবং ∠ADC = ∠ABC।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ΔABC ও ΔADC এ, | |
| (১) AB = DC | [কল্পনা] |
| (২) AD = BC | [কল্পনা] |
| (৩) AC = AC | [সাধারণ বাহু] |
| ∴ ΔABC ≅ ΔADC ∴ AD = BC | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| ∠CAD = ACB | |
| এবং ∠ADC = ∠ABC. (প্রমাণিত) | |

www.abswer.com

www.abswer.com



৪। প্রমাণ কর যে, সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহু বাদে অপর বাহু উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ দুইটি পরস্পর সমান।

সমাধান : মনে করি, ΔABC এর AB = AC, অপরবাহু BC কে D ও E পর্যন্ত বর্ধিত করা হল। প্রমাণ করতে হবে যে, ∠ABD = ∠ACE.



প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) ABC ত্রিভুজের AB = AC<br>∴ ∠ABC = ∠ACB | [কল্পনা] |
| (২) এখন, ∠ABD + ∠ABC = 180° | [সরল কোণ] |
| (৩) আবার, ∠ACE + ∠ACB = 180° | [সরল কোণ] |
| (৪) অর্থাৎ ∠ABD + ∠ABC = ∠ACE + ∠ACB | [(২) ও (৩)নং থেকে] |
| বা, ∠ABD + ∠ACB = ∠ACE + ∠ACB | [(১) হতে] |
| ∴ ∠ABD = ∠ACE. (প্রমাণিত) | |

৫। চিত্রে, AD = AE, BD = CE এবং ∠AEC = ∠ADB। প্রমাণ কর যে, AB = AC



সমাধান : দেওয়া আছে, AD = AE, BD = CE এবং ∠AEC = ∠ADB.

প্রমাণ করতে হবে যে, AB = AC।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ΔADB ও ΔAEC-এ | |
| (১) ∠ADB = ∠AEC | [কল্পনা] |
| (২) AE = AD | [কল্পনা] |
| (৩) ∠DAB = ∠EAC | [সাধারণ কোণ] |
| ∴ ΔADB ≅ ΔAEC | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| ∴ AB = AC. (প্রমাণিত) | |

৬। চিত্রে, ΔABC এবং ΔDBC দুইটি সমদ্বিবাহু ত্রিভুজ। প্রমাণ কর যে, ΔABD ≅ ΔACD.

সমাধান :



এখানে, ABC সমদ্বিবাহু ত্রিভুজে AB = AC এবং BDC সমদ্বিবাহু ত্রিভুজে BD = CD। প্রমাণ করতে হবে যে, ΔABD ≅ ACD.

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ΔABD এবং ΔACD এ, | |
| (১) AB = AC | [কল্পনা] |
| (২) BD = CD | [কল্পনা] |
| (৩) AD = AD | [সাধারণ বাহু] |
| ∴ ΔABD ≅ ΔACD | [বাহু-বাহু-বাহু উপপাদ্য] |

৭। প্রমাণ কর যে, সমদ্বিবাহু ত্রিভুজের ভূমির প্রান্তবিন্দু থেকে বিপরীত বাহুদ্বয়ের উপর অঙ্কিত মধ্যমাদ্বয় সমান।

সমাধান : মনে করি, ΔABC-এ AB = AC। BC ভূমির B ও C বিন্দু হতে AC ও AB এর উপরে অঙ্কিত মধ্যমা যথাক্রমে BD ও CE। প্রমাণ করতে হবে যে, BD = CE.



প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) AB = AC<br>বা, $\frac{1}{2}$AB = $\frac{1}{2}$AC<br>বা, AE = AD | [কল্পনা]<br>[AB ও AC এর মধ্যবিন্দু যথাক্রমে E ও D] |
| (২) ΔABD ও ΔACE-এ<br>AB = AC<br>AD = AE এবং ∠BAD = ∠CAE | [কল্পনা]<br>[(১) হতে]<br>[সাধারণ কোণ] |
| ∴ ΔABD ≅ ΔACE | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| ∴ BD = CE. (প্রমাণিত) | |

৮। প্রমাণ কর যে, সমবাহু ত্রিভুজের কোণগুলো পরস্পর সমান।

সমাধান : মনে করি, ABC একটি সমবাহু ত্রিভুজে AB = AC = BC। প্রমাণ করতে হবে যে, ∠A = ∠B = ∠C.



প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) ΔABC এ AB = AC | [কল্পনা] |
| ∴ ∠ACB = ∠ABC<br>বা, ∠C = ∠B | [কোনো ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণগুলো পরস্পর সমান] |
| (২) আবার, ΔABC-এ<br>AB = BC | [কল্পনা] |
| ∴ ∠ACB = ∠BAC<br>অর্থাৎ ∠C = ∠A | |
| ∴ ∠A = ∠B = ∠C. (প্রমাণিত) | |

## সৃজনশীল অংশ — কমন উপযোগী সৃজনশীল প্রশ্নের সমাধান করি

### মাস্টার ট্রেইনার প্যানেল প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

শিখনফল : ত্রিভুজের সর্বসমতা প্রমাণ করতে পারব।

**প্রশ্ন ১** ΔABC এর AB = AC এবং AD ⊥ BC.

ক. প্রদত্ত তথ্যের আলোকে জ্যামিতিক চিত্রটি আঁক। ২

খ. ΔABC এর BC বাহুকে উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ দুইটি সমান হবে, প্রমাণ কর। ৪

গ. প্রমাণ কর যে, ∠BAD = ∠CAD। ৪

**১নং প্রশ্নের সমাধান**

**ক**



ΔABC এ AB = AC এবং AD ⊥ BC

**খ** মনে করি, ΔABC এর AB = AC, অপরবাহু BC কে D ও E পর্যন্ত বর্ধিত করা হলো। প্রমাণ করতে হবে যে, ∠ABD = ∠ACE.



প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) ABC ত্রিভুজের AB = AC | [কল্পনা] |
| ∴ ∠ABC = ∠ACB | [ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণদ্বয় পরস্পর সমান] |
| (২) এখন, ∠ABD + ∠ABC = 180° | [সরল কোণ] |
| এবং ∠ACE + ∠ACB = 180° | [সরল কোণ] |
| ∴ ∠ABD + ∠ABC = ∠ACE + ∠ACB | [সাধারণ কোণ] |
| বা, ∠ABD + ∠ABC = ∠ACE + ∠ABC | [ধাপ (১) হতে] |
| ∴ ∠ABD = ∠ACE. (প্রমাণিত) | |

www.abswer.com

www.abswer.com



**গ** মনে করি, $\Delta ABC$ এর $AB = AC$ এবং $AD \perp BC$ প্রমাণ করতে হবে যে, $\angle BAD = \angle CAD$.




প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\Delta ABC$ এবং $\Delta ACD$ এ | |
| $\angle ADB = \angle ADC$ | [সমকোণ] |
| $AD = AD$ | [সাধারণ বাহু] |
| $AB = AC$ | [কল্পনা] |
| $\therefore \Delta ABD \cong ACD$ | |
| $\therefore \angle BAD = \angle CAD$. (প্রমাণিত) | [অতিভুজ-বাহু উপপাদ্য] |

**প্রশ্ন ২।** $\Delta ABC$ এর $CD$, $AB$ এর লম্ব সমদ্বিখণ্ডক।

ক. তথ্যগুলো চিত্রে উপস্থাপন কর। ২

খ. প্রমাণ কর যে, $\Delta ADC \cong \Delta BDC$. ৪

গ. $\Delta ABC$ সমবাহু ত্রিভুজ হলে প্রমাণ কর, $\angle ABC = \angle BAC = \angle ACB$. ৪

**২নং প্রশ্নের সমাধান**

**ক**




$\Delta ABC$ এর $CD$, $AB$ এর লম্ব সমদ্বিখণ্ডক।

**খ** মনে করি, $\Delta ABC$ এর $CD$, $AB$ এর লম্ব সমদ্বিখণ্ডক। অর্থাৎ $CD \perp AB$ এবং $AB$ কে $CD$ সমান দুই ভাগে ভাগ করে। প্রমাণ করতে হবে যে, $\Delta ADC \cong \Delta BDC$।




প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\Delta ADC$ ও $\Delta BDC$ এ, | |
| $AD = BD$ | [D, AB এর মধ্যবিন্দু] |
| $\angle ADC = \angle BDC$ | [$\because CD \perp AB$] |
| এবং $CD = CD$ | [সাধারণ বাহু] |
| $\therefore \Delta ADC \cong \Delta BDC$ (প্রমাণিত) | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |

**গ** মনে করি, ABC একটি সমবাহু ত্রিভুজ। প্রমাণ করতে হবে যে, $\angle ABC = \angle BAC = \angle ACB$.




প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\Delta ABC$ এ $AB = AC$ | [কল্পনা] |
| $\therefore \angle ACB = \angle ABC$ | [কোনো ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণগুলো পরস্পর সমান] |
| (২) আবার, $\Delta ABC$ এ $AB = BC$ | |
| $\therefore \angle ACB = \angle ABC$ | |
| অতএব, $\angle ABC = \angle BAC = \angle ACB$ (প্রমাণিত) | |

**প্রশ্ন ৩।**




চিত্র–১ চিত্র–২ চিত্র–৩

$AM$, $BC$ এর লম্ব সমদ্বিখণ্ডক $PQ = DE$; $QR = EF$ এবং $PR = DF$.

ক. দুইটি ত্রিভুজের সদৃশতার দুইটি শর্ত লিখ। ২

খ. চিত্র-১ থেকে প্রমাণ কর যে, $\Delta ABM \cong \Delta ACM$. ৪

গ. চিত্র-২ ও চিত্র-৩ থেকে প্রমাণ কর যে, $\Delta PQR \cong \Delta DEF$. ৪

**৩নং প্রশ্নের সমাধান**

**ক** দুইটি ত্রিভুজ সদৃশ হওয়ার দুইটি শর্ত :

শর্ত-১ : একটি ত্রিভুজের তিন বাহু যদি অপর ত্রিভুজের তিন বাহুর সমানুপাতিক হয় তবে ত্রিভুজদ্বয় সদৃশ।

শর্ত-২ : যদি একটি ত্রিভুজের দুইটি কোণ যদি অপর ত্রিভুজের দুইটি কোণের সমান হয় তবে ত্রিভুজদ্বয় সদৃশ।

**খ** এখানে, $\Delta ABC$ এর শিরঃকোণ A থেকে ভূমি BC এর উপর অঙ্কিত লম্ব BC কে M বিন্দুতে সমদ্বিখণ্ডিত করে, অর্থাৎ $BM = CM$। প্রমাণ করতে হবে যে, $\Delta ABM \cong \Delta ACM$।




প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\Delta ABM$ এবং $\Delta ACM$-এ | |
| $BM = CM$ | [চিত্রানুসারে] |
| $AM = AM$ | [সাধারণ বাহু] |
| $\angle AMB = \angle AMC$ | [সমকোণ] |
| $\therefore \Delta ABM \cong \Delta ACM$ (প্রামাণিত) | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |

**গ** এখানে, $\Delta PQR$ এবং $\Delta DEF$-এ $PQ = DE$, $PR = DF$ এবং $QR = EF$। প্রমাণ করতে হবে যে, $\Delta PQR \cong \Delta DEF$.







প্রমাণ : মনে করি, QR এবং EF বাহু যথাক্রমে $\Delta PQR$ এবং $\Delta DEF$ এর বৃহত্তম বাহুদ্বয়।

এখন $\Delta PQR$ কে $\Delta DEF$ এর উপর এমনভাবে স্থাপন করি, যেন Q বিন্দু E বিন্দুর উপর ও QR বাহু EF বাহু বরাবর এবং EF রেখার যে পাশে D বিন্দু আছে, P বিন্দু এর বিপরীত পাশে পড়ে। মনে করি, G বিন্দু P-বিন্দুর নতুন অবস্থান।

যেহেতু $QR = EF$, R বিন্দু F বিন্দুর উপর পড়বে। সুতরাং $\Delta GEF$ হবে $\Delta PQR$ এর নতুন অবস্থান। অর্থাৎ, $EG = QP$, $FG = RP$ ও $\angle EGF = \angle QPR$. D, G যোগ করি।

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\Delta EGD$ এ $EG = ED$ | [কারণ $EG = QP = ED$] |
| অতএব, $\angle EDG = \angle EGD$ | [ত্রিভুজের সমান বাহুদ্বয়ের বিপরীত কোণ পরস্পর সমান] |
| (২) $\Delta FGD$ এ $FG = FD$ | |
| অতএব, $\angle FDG = \angle FGD$. | [ত্রিভুজের সমান বাহুদ্বয়ের বিপরীত কোণদ্বয় পরস্পর সমান] |
| (৩) সুতরাং, $\angle EDG + \angle FDG = \angle EGD + \angle FGD$ | |
| বা, $\angle EDF = \angle EGF$ | |
| অর্থাৎ, $\angle QPR = \angle EDF$ | |
| অতএব; $\Delta PQR$ ও $\Delta DEF$-এ $PQ = DE$, $PR = DF$ এবং | |
| অন্তর্ভুক্ত $\angle QPR$ = অন্তর্ভুক্ত $\angle EDF$ | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| $\therefore \Delta PQR \cong \Delta DEF$. (প্রমাণিত) | |

**প্রশ্ন ৪।** $\Delta ABC$ এর AB ও AC বাহুর উপর যথাক্রমে D ও E এমন দুইটি বিন্দু যেন $BD = CE$ এবং $BE = CD$ হয়।

ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বিবরণসহ ত্রিভুজটির চিত্র আঁক। ২

খ. প্রমাণ কর যে, $\angle ABC = \angle ACB$. ৪

গ. BE ও CD পরস্পরকে O বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে, $OD = OE$ এবং $OB = OC$. ৪

www.abswer.com

www.abswer.com



### ৪নং প্রশ্নের সমাধান

ক $\triangle ABC$ এর AB ও AC বাহুতে যথাক্রমে D ও E এমন দুইটি বিন্দু যেন BD = CE এবং BE = CD



খ মনে করি, $\triangle ABC$ এ AB ও AC বাহুতে যথাক্রমে D ও E এমন দুইটি বিন্দু যেন BD = CE এবং BE = CD। প্রমাণ করতে হবে যে, $\angle ABC = \angle ACB$।



প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\triangle BCE$ ও $\triangle BCD$ এ, | |
| BD = CE | [কল্পনা] |
| BE = CD | [কল্পনা] |
| এবং BC = BC | [সাধারণ বাহু] |
| $\therefore \triangle BCE \cong \triangle BCD$ | [বাহু-বাহু-বাহু উপপাদ্য] |
| (২) $\angle EBC = \angle DCB$ | |
| $\frac{1}{2}\angle ABC = \frac{1}{2}\angle ACB$ | [BE ও CD রেখা $\angle ABC$ ও $\angle ACB$ কে সমদ্বিখণ্ডিত করে] |
| $\therefore \angle ABC = \angle ACB$. (প্রমাণিত) | |

গ মনে করি, $\triangle ABC$ এ AB ও AC এর D ও E দুইটি বিন্দু যেখানে BD = CE এবং BE = CD। BE ও CD পরস্পর O বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, OD = OE এবং OB = OC।



প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\triangle BCD$ ও $\triangle BCE$ এ, | |
| BD = CE | [কল্পনা] |
| BE = CD | [কল্পনা] |
| BC = BC | [সাধারণ বাহু] |
| $\therefore \triangle BCD \cong \triangle BCE$ | [বাহু-বাহু-বাহু উপপাদ্য] |
| $\therefore \angle BDC = \angle BEC$ | |
| (২) $\triangle BOD$ এবং $\triangle COE$ এ BD = CE | [অঙ্কনানুসারে] |
| $\angle BDO = \angle CEO$ | [ধাপ ১] |
| $\angle BOD = \angle COE$ | [বিপ্রতীপ কোণ] |
| $\therefore \triangle BOD \cong \triangle COE$ | |
| $\therefore$ OD = OE এবং OB = OC. (প্রমাণিত) | |

## শীর্ষস্থানীয় স্কুলসমূহের সৃজনশীল প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ৫** $\triangle ABC$ এ AB = AC এবং BE ও CF যথাক্রমে AB ও AC এর উপর লম্ব।

ক. বর্ণনা অনুযায়ী চিত্র অঙ্কন কর। ২

খ. দেখাও যে, $\angle ABC = \angle ACB$. ৪

গ. প্রমাণ কর যে, BE = CF. ৪

[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

### ৫নং প্রশ্নের সমাধান

ক এখানে, $\triangle ABC$ এর AB = AC এবং BE ও CF যথাক্রমে AB ও AC এর উপর লম্ব।



খ মনে করি, ABC ত্রিভুজে AB = AC। দেখাতে হবে যে, $\angle ABC = \angle ACB$।

অঙ্কন : $\angle BAC$ এর সমদ্বিখণ্ডক AD আঁকি যেন তা BC কে D বিন্দুতে ছেদ করে।



প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| $\triangle ABD$ এবং $\triangle ACD$ এ, | [দেওয়া আছে] |
| AB = AC, | [সাধারণ বাহু] |
| AD = AD | [অঙ্কনানুসারে] |
| এবং অন্তর্ভুক্ত $\angle BAD$ = অন্তর্ভুক্ত $\angle CAD$ | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| সুতরাং $\triangle ABD \cong \triangle ACD$ | |
| $\therefore \angle ABD = \angle ACD$ | |
| অর্থাৎ $\angle ABC = \angle ACB$ (প্রমাণিত) | |

গ এখানে, $\triangle ABC$-এ AB = AC এবং BE ও CF যথাক্রমে AC ও AB এর উপর লম্ব।
প্রমাণ করতে হবে যে, BE = CF.



প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\triangle ABC$-এ AB = AC | [কল্পনা] |
| $\therefore \angle ACB = \angle ABC$ | [ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণদ্বয় পরস্পর সমান] |
| অর্থাৎ $\angle BCE = \angle CBF$ | |
| (২) এখন, $\triangle FBC$ ও $\triangle EBC$-এ | [সমকোণ] |
| $\angle BFC = \angle BEC$ | [(১) থেকে] |
| $\angle CBF = \angle BCE$ | [সাধারণ বাহু] |
| BC = BC | |
| $\therefore \triangle FBC \cong \triangle BCE$ | |
| অতএব, BE = CF. (প্রমাণিত) | |

**প্রশ্ন ৬** ABC একটি সমবাহু ত্রিভুজ। যার তিনটি বাহু AB = AC = BC এবং তিনটি মধ্যমা AD, BE, CF।

ক. তথ্যের আলোকে চিত্রটি আঁক। ২

খ. প্রমাণ কর যে, ত্রিভুজটির ভূমিকে উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ দুইটি পরস্পর সমান। ৪

গ. প্রমাণ কর যে, AD = BE = CF. ৪

[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

### ৬নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত তথ্যের আলোকে নিচে চিত্র আঁকা হলো,
এখানে, ABC সমবাহু ত্রিভুজের AD, BE ও CF তিনটি মধ্যমা।



খ এখানে, $\triangle ABC$ এর AB = AC = BC। BC কে D ও E পর্যন্ত বর্ধিত করা হলো। প্রমাণ করতে হবে যে, $\angle ABD = \angle ACE$.



প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) ABC ত্রিভুজের AB = AC | [কল্পনা] |
| $\therefore \angle ABC = \angle ACB$ | |
| (২) এখন, $\angle DBA + \angle ABC = 180°$ | [সরল কোণ] |
| (৩) আবার, $\angle ACE + \angle ACB = 180°$ | [সরল কোণ] |
| $\therefore \angle ABD + \angle ABC$ | [সাধারণ কোণ] |
| $= \angle ACE + \angle ACB$ | [(২) ও (৩)নং থেকে] |
| বা, $\angle ABD = \angle ACE$. (প্রমাণিত) | |

www.abswer.com

www.abswer.com



**গ** এখানে, ABC সমবাহু ত্রিভুজের AD, BE ও CF তিনটি মধ্যমা। প্রমাণ করতে হবে যে, AD = BE = CF.




প্রমাণ : ABC সমবাহু ত্রিভুজ,

AB = AC

বা, $\frac{1}{2}AB = \frac{1}{2}AC$

∴ BF = CE [∵ F ও E যথাক্রমে AB ও AC এর মধ্যবিন্দু]

ΔBEC ও ΔBFC এ

BF = CE

BC = BC [সাধারণ বাহু]

এবং অন্তর্ভুক্ত ∠BCE = অন্তর্ভুক্ত ∠CBF [∵ ∠B = ∠C]

∴ ΔBEC ≅ ΔBFC [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

অতএব, BE = CF

অনুরূপে দেখানো যায় যে, AD = BE

∴ AD = BE = CF. (প্রমাণিত)

**প্রশ্ন ৭** ΔABC ও ΔDEF-এ AB = DE, AC = DF এবং অন্তর্ভুক্ত ∠BAC = অন্তর্ভুক্ত ∠EDF.

ক. উপরোক্ত তথ্যের ভিত্তিতে ত্রিভুজ দুইটির চিত্র আঁক। ২

খ. প্রমাণ কর যে, ΔABC ≅ ΔDEF. ৪

গ. যদি ΔABC এর AB = AC হয় তবে প্রমাণ কর যে, ∠ACB = ∠ABC. ৪

[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক**




চিত্রে ΔABC এবং ΔDEF এ AB = DE, AC = DF এবং অন্তর্ভুক্ত ∠BAC = অন্তর্ভুক্ত ∠EDF।

**খ** মনে করি, ΔABC ও ΔDEF এ AB = DE, AC = DF এবং অন্তর্ভুক্ত ∠BAC = অন্তর্ভুক্ত ∠EDF। প্রমাণ করতে হবে যে, ΔABC ≅ ΔDEF.




প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) ΔABC কে ΔDEF এর উপর এমনভাবে স্থাপন করি যেন A বিন্দু D বিন্দুর উপর ও AB বাহু DE বাহু বরাবর এবং DE বাহুর যে পাশে F আছে C বিন্দু ঐপাশে পড়ে। এখন AB = DE বলে B বিন্দু অবশ্যই E বিন্দুর উপর পড়বে। | [বাহুর সর্বসমতা] |
| (২) যেহেতু ∠BAC = ∠EDF এবং AB বাহু DE বাহুর উপর পড়ে, সুতরাং AC বাহু DF বাহু বরাবর পড়বে। | [কোণের সর্বসমতা] |
| (৩) AC = DF বলে C বিন্দু অবশ্যই F বিন্দুর উপর পড়বে। | [বাহুর সর্বসমতা] |
| (৪) এখন B বিন্দু E বিন্দুর উপর এবং C বিন্দু F বিন্দুর উপর পড়ে বলে BC বাহু অবশ্যই EF বাহুর সাথে পুরোপুরি মিলে যাবে। অতএব, ΔABC, ΔDEF এর উপর সমাপতিত হবে। সুতরাং ΔABC ≅ DEF (প্রমাণিত) | [দুইটি বিন্দুর মধ্য দিয়ে একটি মাত্র সরলরেখা অঙ্কন করা যায়] |

**গ** মনে করি, ABC ত্রিভুজে AB = AC। প্রমাণ করতে হবে যে, ∠ABC = ∠ACB।




অঙ্কন : ∠BAC এর সমদ্বিখণ্ডক AD আঁকি যেন তা BC কে D বিন্দুতে ছেদ করে।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ΔABD এবং ΔACD এ, | |
| AB = AC, | [দেওয়া আছে] |
| AD = AD | [সাধারণ বাহু] |
| এবং অন্তর্ভুক্ত ∠BAD = অন্তর্ভুক্ত ∠CAD . | [অঙ্কনানুসারে] |
| সুতরাং ΔABD ≅ ΔACD | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| ∴ ∠ABD = ∠ACD | |
| অর্থাৎ ∠ACB = ∠ABC. (প্রমাণিত) | |

## বহুনির্বাচনি অংশ

কমন উপযোগী বহুনির্বাচনি প্রশ্নোত্তর শিখি

### মাস্টার ট্রেইনার প্যানেল প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. একটি ত্রিভুজ যদি অপর একটি ত্রিভুজের হুবহু সমান হয় তবে তা কী হবে? (সহজমান)

ক সদৃশ ● সর্বসম
গ সমান ঘ অসদৃশ

২. AB রেখাংশ যদি CD রেখাংশের উপর ঠিকভাবে পতিত হয় তবে কোনটি হবে? (মধ্যমান)

● সর্বসম খ অসমান গ সদৃশ ঘ উপগুণিতক

৩. দুইটি রেখাংশ সর্বসম হলে এদের দৈর্ঘ্য কী হবে? (সহজমান)

ক সদৃশ্য ● সমান গ অসমান ঘ অসদৃশ

৪. সর্বসম ত্রিভুজের অনুরূপ কোণগুলো — হবে। (মধ্যমান)

● সমান খ অসমান গ সদৃশ ঘ অসদৃশ

৫. ΔABC ও ΔDEF সর্বসম হলে নিচের কোনটি লেখা হয়? (সহজমান)

ক ΔABC ≤ ΔDEF ● ΔABC ≅ ΔDEF
গ ΔABC > ΔDEF ঘ ΔABC < ΔDEF

৬. দুইটি ত্রিভুজের একটির তিন বাহু অপরটির তিন বাহুর সমান হলে ত্রিভুজদ্বয় পরস্পর কী হবে? (কঠিনমান)

ক অসমান খ সদৃশ গ অসদৃশ ● সর্বসম

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭. নিচের তথ্যগুলো লক্ষ কর :

i. দুইটি বাহু সর্বসম হলে তারা সমান
ii. সর্বসম বিন্দু হচ্ছে ≅
iii. 50° কোণের সর্বসম কোণের মান 50°

নিচের কোনটি সঠিক? (সহজমান)

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii



www.abswer.com

www.abswer.com



৮. সর্বসম ত্রিভুজদ্বয়ের—
i. অতিভুজ ও অপর একটি বাহু সমান হতে পারে
ii. দুইটি কোণ ও একটি বাহু সমান হতে পারে
iii. তিনটি বাহুই সমান হতে পারে
নিচের কোনটি সঠিক? (কঠিনমান)
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর




$\Delta ABC$ ও $\Delta DEF$ এর অতিভুজ $AC$ = অতিভুজ $DF$ এবং বাহু $AB = DE$ বাহু।
নিচের তথ্যের ভিত্তিতে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :

৯. $\Delta ABC$ ও $\Delta DEF$ এর মধ্যে সম্পর্ক নিচের কোনটি? (মধ্যমান)
(ক) সদৃশ (খ) অসদৃশ ● সর্বসম (ঘ) অসর্বসম

১০. $\Delta ABC$ এর ক্ষেত্রফল 30 বর্গ সে. মি. হলে $\Delta DEF$ এর ক্ষেত্রফল কত? (কঠিনমান)
(ক) 35 বর্গ সে. মি. (খ) 40 বর্গ সে. মি.
(গ) 60 বর্গ সে. মি. ● 30 বর্গ সে. মি.

## শীর্ষস্থানীয় স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১১. $\Delta ABC$ এর শিরঃকোণ A এর সমদ্বিখণ্ডক AD, ভূমি BC এর উপর লম্ব হলে, নিচের কোনটি সঠিক? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
(ক) $AB = BC = AC$ ● $AB = AC$
(গ) $BC = AD$ (ঘ) $AB \neq AC$

১২. নিচের কোন চিহ্নটি সর্বসমতা প্রকাশ করে? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
(ক) ≈ (খ) ~ ● ≅ (ঘ) =

১৩. দুইটি কোণ কখন সর্বসম হবে? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
(ক) তারা সন্নিহিত কোণ হলে ● তাদের পরিমাপ সমান হলে
(গ) তারা পরস্পর পূরক কোণ হলে (ঘ) তারা পরস্পর সম্পূরক কোণ হলে

১৪. দুইটি রেখাংশের সর্বসমতার শর্ত নিচের কোনটি? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
(ক) ছেদ করে ● দৈর্ঘ্য সমান
(গ) দূরত্ব সর্বত্র সমান (ঘ) কোণ উৎপন্ন করে

১৫. চিত্রে QR এর মধ্যবিন্দু M হলে নিচের কোন সম্পর্কটি সঠিক? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]




● $QM = MR$ (খ) $PM = QM$
(গ) $PM = MR$ (ঘ) $QM = MR = PM$

১৬. উপরিপাতন পদ্ধতির মাধ্যমে কী প্রমাণ করা যায়? [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, ঢাকা]
(ক) সদৃশতা ● সর্বসমতা (গ) সমতুলতা (ঘ) পার্থক্য

১৭. সর্বসম ত্রিভুজের কোনটি সমান? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]
(ক) দৈর্ঘ্য (খ) প্রস্থ (গ) উচ্চতা ● অনুরূপ বাহু

১৮. ABC সমবাহু ত্রিভুজের D, BC এর মধ্যবিন্দু হলে AD ও BC এর সাথে উৎপন্ন কোনটি? [নওয়াব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা]
(ক) 120° (খ) 80° (গ) 150° ● 90°

১৯. দুইটি ত্রিভুজের অনুরূপ দুই বাহু এবং তাদের অন্তর্ভুক্ত কোণ পরস্পর সমান হলে ত্রিভুজ দুইটি কেমন হবে? [ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা]
(ক) সমান (খ) সদৃশ (গ) সমতুল ● সর্বসম

২০. চিত্রে $CD = BC$ এবং $AB = AD$ হলে, $\angle ACD$ এর সমান কোনটি?




[বরিশাল জিলা স্কুল, বরিশাল]
(ক) $\angle CAD$ (খ) $\angle ABC$ ● $\angle ACB$ (ঘ) $\angle BCD$

২১. সর্বসমতা নির্ণয়ের জন্য কোন পদ্ধতিটি গ্রহণ করা হয়? [যশোর জিলা স্কুল, যশোর; চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম]
(ক) সমপাতন (খ) পাশাপাশি স্থাপন
● উপরিপাতন (ঘ) কোনটিই নয়

২২. $\Delta ABC$ এ $AB = AC$, $\angle A = 30°$ এবং $AD \perp BC$ $\angle B$ এর পরিমাণ কত?




[চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম]
● 75° (খ) 60° (গ) 45° (ঘ) 30°

২৩. উপরিপাতন পদ্ধতির সাহায্যে কোনটি প্রমাণ করা যায়? [রংপুর জিলা স্কুল, রংপুর]
● সর্বসম (খ) সদৃশতা (গ) প্রতিসমতা (ঘ) পার্থক্য

২৪. $\Delta ABC$ এ $\angle ABC = \angle ACB$ হলে নিচের কোনটি সঠিক? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
● $AB = AC$ (খ) $AB \neq AC$ (গ) $AB > AC$ (ঘ) $AB < AC$

২৫. দুইটি চিত্র $F_1$ ও $F_2$ সর্বসম হলে তা কীভাবে প্রকাশ করা হয়? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
(ক) $F_1 = F_2$ (খ) $F_1 = F_2$ (গ) $F_1 \parallel F$ ● $F_1 \cong F_2$

২৬. সমবাহু ত্রিভুজের পরিসীমা 18 সে.মি. হলে প্রত্যেক বাহুর দৈর্ঘ্য কত হবে? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
(ক) 9 সে.মি. ● 6 সে.মি. (গ) 4 সে.মি. (ঘ) 3 সে.মি.

২৭. $\Delta ABC$-এ $AB = AC$ হলে কোনটি সঠিক? [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]
● $\angle B = \angle C$ (খ) $\angle A = \angle B$ (গ) $\angle A = \angle C$ (ঘ) $\angle B > \angle C$

২৮. $\Delta ABC \cong \Delta DEF$, $\angle E = 70°$, $\angle F = 80°$ হলে $\angle A$ = কত? [রাজবাড়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাজবাড়ী]
● 30° (খ) 45° (গ) 60° (ঘ) 90

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৯. দুটি ত্রিভুজ সর্বসম হবে যদি—
i. একটি ত্রিভুজের তিন বাহু অপর ত্রিভুজের তিন বাহুর সমান হয়
ii. একটির দুই বাহু অপরটির দুই বাহুর সমান এবং বাহু দুটির অন্তর্ভুক্ত কোণ দুটি পরস্পর সমান হয়
iii. একটির তিন কোণ, অপরটির তিন কোণের সমান হয়
নিচের কোনটি সঠিক? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. $\Delta ABC$ এ D, E, F বাহুত্রয়ের মধ্যবিন্দু হলে—
i. AD, BE, CF তিনটি মধ্যমা
ii. BE মধ্যমা $\angle ABC$ কোণের সমদ্বিখণ্ডক
iii. মধ্যমাত্রয় ত্রিভুজের অভ্যন্তরে একই বিন্দুতে ছেদ করে।
নিচের কোনটি সঠিক? [মতিঝিল সরকারি বালিকা বিদ্যালয়, ঢাকা]
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

৩১. সর্বসম ত্রিভুজদ্বয়ের— [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
i. তিনটি বাহুই সমান
ii. দুইটি বাহু ও তাদের অন্তর্ভুক্ত কোণ সমান
iii. একটি বাহুও সমান না
নিচের কোনটি সঠিক?
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩২. সমকোণী ত্রিভুজের সর্বসমতার শর্ত—
i. অতিভুজ সমান ii. একটি বাহু সমান
iii. যে-কোনো একটি কোণ সমান
নিচের কোনটি সঠিক? [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর




উপরের তথ্যের ভিত্তিতে ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও : [বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

৩৩. $\angle A$ এর অনুরূপ কোণ কোনটি?
(ক) $\angle F$ ● $\angle D$ (গ) $\angle E$ (ঘ) $\angle C$

৩৪. BC-এর অনুরূপ বাহু কোনটি?
(ক) DE (খ) DF (গ) AB ● EF

www.abswer.com

www.abswer.com



অধ্যায় ১০

# সর্বসমতা ও সদৃশতা

## অনুশীলনী ১০.২ : বাহু-বাহু-বাহু ও কোণ-বাহু-কোণ উপপাদ্য

### অনুশীলনীর শিখনফল

অনুশীলনীটি পাঠ শেষে আমি যা জানতে পারব—

- বাহু-বাহু-বাহু উপপাদ্য বিবৃত ও প্রমাণ করতে পারব।
- কোণ-বাহু-কোণ উপপাদ্য বিবৃত ও প্রমাণ করতে পারব।
- সমকোণী অতিভুজ-বাহু উপপাদ্য বিবৃত ও প্রমাণ করতে পারব।
- ত্রিভুজের সর্বসমতা ব্যাখ্যা করতে পারব।
- বিভিন্ন জ্যামিতিক আকার ও আকৃতি হতে সর্বসম এবং সদৃশ আকার ও আকৃতি চিহ্নিত করতে পারব।

### শিখন অর্জন যাচাই

- বিভিন্ন বস্তুর আকার-আকৃতি দেখে সর্বসম সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারব।
- জ্যামিতিক আকার-আকৃতি হতে সর্বসম প্রমাণ করতে পারব।

### শিখন সহায়ক উপকরণ

- ফটোকপির মেশিন।
- একটি গাছের ছবি।
- পাঠ্যবইয়ের সমস্যা ও কার্যাবলি।

## অনুশীলন

সেরা পরীক্ষাপ্রস্তুতির জন্য 100% সঠিক ফরম্যাট অনুসরণে সর্বাধিক গাণিতিক সমস্যার সমাধান

শিক্ষার্থী বন্ধুরা, তোমাদের সেরা প্রস্তুতির জন্য এ অংশে কমন উপযোগী সকল গাণিতিক সমস্যা নির্ভুল সমাধান সহকারে সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে গাণিতিক সমস্যাবলিকে অনুশীলনীর সমস্যা, সৃজনশীল অংশ, অনুশীলনমূলক কাজ এবং বহুনির্বাচনি অংশে বিভক্ত করে পাঠের ধারায় উপস্থাপন করা হয়েছে।

## অনুশীলনীর সমস্যার সমাধান — পাঠ্যবইয়ের সমস্যার সমাধান করি

### গাণিতিক সমস্যার সমাধান

**১। ΔABC-এ AB = AC এবং O, ABC এর অভ্যন্তরে এমন একটি বিন্দু যেন OB = OC হয়। প্রমাণ কর যে, ∠AOB = ∠AOC.**




সমাধান : দেওয়া আছে, ΔABC-এ, AB = AC এবং O, ΔABC এর অভ্যন্তরে অবস্থিত এমন একটি বিন্দু যেন OB = OC।

প্রমাণ করতে হবে যে, ∠AOB = ∠AOC।

অঙ্কন : O, A যোগ করি।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ΔABO ও ΔACO এ, | |
| (১) AB = AC | [কল্পনা] |
| (২) OB = OC | [কল্পনা] |
| (৩) OA = OA | [সাধারণ বাহু] |
| ∴ ΔABO ≅ ΔACO | [বাহু-বাহু-বাহু উপপাদ্য] |
| ∴ ∠AOB = ∠AOC. (প্রমাণিত) | |

**২। ΔABC এর AB ও AC বাহুতে যথাক্রমে D ও E এমন দুইটি বিন্দু যেন BD = CE এবং BE = CD। প্রমাণ কর যে, ∠ABC = ∠ACB.**




সমাধান : দেওয়া আছে, ΔABC এ AB ও AC বাহুতে যথাক্রমে D ও E এমন দুইটি বিন্দু যেন BD = CE এবং BE = CD।

প্রমাণ করতে হবে যে, ∠ABC = ∠ACB।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) ΔBCD ও ΔBCE এ, | |
| BD = CE | [কল্পনা] |
| CD = BE | [কল্পনা] |
| এবং BC = BC | [সাধারণ বাহু] |
| ∴ ΔBCD ≅ ΔBCE | [বাহু-বাহু-বাহু উপপাদ্য] |
| ∴ ∠DBC = ∠BCE | |
| অতএব, ∠ABC = ∠ACB (প্রমাণিত) | [BE ও CD রেখা ∠ABC ও ∠ACB কে সমদ্বিখণ্ডিত করে] |

**৩। চিত্রে AB = AC, BD = DC এবং BE = CF। প্রমাণ কর যে, ∠EDB = ∠FDC.**




সমাধান : দেওয়া আছে, ΔABC-এ AB = AC, BD = DC এবং BE = CF। প্রমাণ করতে হবে যে, ∠EDB = ∠FDC.

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) ΔABC এ AB = AC | |
| ∴ ∠ACB = ∠ABC | [কল্পনা] |
| বা, ∠FCD = ∠EBD | [ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণদ্বয় সমান] |
| (২) ΔBDE এবং ΔCDF-এ | |
| BD = CD | [কল্পনা] |
| BE = CF | [কল্পনা] |
| এবং অন্তর্ভুক্ত ∠EBD = অন্তর্ভুক্ত ∠FCD | [(১) হতে] |
| ∴ ΔBDE ≅ ΔCDF | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| অতএব, ∠EDB = ∠FDC. (প্রমাণিত) | |

**৪। চিত্রে AB = AC এবং ∠BAD = ∠CAE। প্রমাণ কর যে, AD = AE.**




সমাধান : দেওয়া আছে, ΔABC-এ AB = AC এবং ∠BAD = ∠CAE। প্রমাণ করতে হবে যে, AD = AE.

www.abswer.com

www.abswer.com



প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ১. $\triangle ABC$ এ, $AB = AC$ । $\therefore \angle ACB = \angle ABC$ বা, $\angle ACE = \angle ABD$ | [কল্পনা] [সমান সমান বাহুর বিপরীত কোণ সমান] |
| ২. এখন $\triangle ABD$ ও $\triangle ACE$ এর মধ্যে $AB = AC$ $\angle ABD = \angle ACE$ এবং $\angle BAD = \angle CAE$ $\therefore \triangle ABD \cong \triangle ACE$ $\therefore AD = AE$. (প্রমাণিত) | [সমান সমান কোণের বহিঃস্থ কোণ সমান] [(১) থেকে] [কল্পনা] [কোণ-বাহু-কোণ উপপাদ্য] |

**৫। ABCD চতুর্ভুজে AC, $\angle BAD$ এবং $\angle BCD$ এর সমদ্বিখণ্ডক। প্রমাণ কর যে, $\angle B = \angle D$.**




সমাধান : দেওয়া আছে, ABCD চতুর্ভুজে AC, $\angle BAD$ এবং $\angle BCD$ এর সমদ্বিখণ্ডক। প্রমাণ করতে হবে যে, $\angle B = \angle D$.

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| $\triangle ABC$ ও $\triangle ADC$ এ, | |
| (১) $\angle BAC = \angle CAD$ | [AC, $\angle BAD$ এর সমদ্বিখণ্ডক] |
| (২) $\angle ACB = \angle ACD$ | [AC, $\angle BCD$ এর সমদ্বিখণ্ডক] |
| (৩) $AC = AC$ | [সাধারণ বাহু] |
| $\therefore \triangle ABC \cong \triangle ADC$ | [কোণ-বাহু-কোণ উপপাদ্য] |
| $\therefore \angle B = \angle D$. (প্রমাণিত) | |

**৬। চিত্রে AB এবং CD পরস্পর সমান ও সমান্তরাল এবং AC ও BD কর্ণ দুইটি O বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ কর যে, AD = BC।**




সমাধান : দেওয়া আছে, ABCD চতুর্ভুজের AB ও CD পরস্পর সমান ও সমান্তরাল এবং AC ও BD কর্ণ দু'টি O বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে, AD = BC।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| $\triangle ADC$ ও $\triangle ABC$-এ | |
| (১) $CD = AB$, | [কল্পনা] |
| (২) $AC = AC$. | [ত্রিভুজের সাধারণ বাহু।] |
| (৩) $\angle ACD = \angle BAC$ । | [$AB \parallel CD$, AC ছেদক] |
| $\therefore ABC \cong \triangle ADC$ | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| $\therefore AD = BC$ (প্রমাণিত) | |

**৭। প্রমাণ কর যে, সমদ্বিবাহু ত্রিভুজের ভূমির প্রান্তবিন্দুদ্বয় থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্বদ্বয় পরস্পর সমান।**




সমাধান : বিশেষ নির্বচন : মনেকরি, ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজে AB = AC। BC ভূমির B ও C হতে BE ও CF বিপরীত বাহুর উপর দু'টি লম্ব। প্রমাণ করতে হবে যে, CF = BE।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\triangle ABC$-এ $AB = AC$ । $\therefore \angle ACB = \angle ABC$ অর্থাৎ $\angle BCE = \angle CBF$ | [কল্পনা] [ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণ সমান] |
| (২) এখন $\triangle BFC$ ও $\triangle BEC$-এ $\angle BFC = \angle BEC$ $\angle CBF = \angle BCE$ $BC = BC$ $\therefore \triangle BFC \cong \triangle BEC$ $\therefore CF = BE$. (প্রমাণিত) | [প্রত্যেক এক সমকোণ।] [(১) হতে] [সাধারণ বাহু] |

**৮। প্রমাণ কর যে, কোনো ত্রিভুজের ভূমির প্রান্ত বিন্দুদ্বয় থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্বদ্বয় যদি সমান হয়, তবে ত্রিভুজটি সমদ্বিবাহু।**




সমাধান : বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$-এ ভূমি B ও C বিন্দুতে BE ও CF যথাক্রমে AC ও AB এর উপর লম্ব এবং BE = CF।

প্রমাণ করতে হবে যে, $\triangle ABC$ সমদ্বিবাহু অর্থাৎ AB = AC।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) সমকোণী $\triangle BCE$ ও $\triangle BCF$-এ | |
| $BE = CF$ | [কল্পনা] |
| $BC = BC$ | [সাধারণ বাহু] |
| $\angle BEC = \angle BFC$ | [প্রত্যেকে এক সমকোণ।] |
| $\therefore \triangle BCE \cong BCF$ | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| $\therefore \angle BCE = \angle CBF$ $\angle ACB = \angle ABC$ | |
| (২) এখন, $\triangle ABC$ এ $\angle ACB = \angle ABC$ $\therefore AB = AC$ $\therefore \triangle ABC$ একটি সমদ্বিবাহু ত্রিভুজ। (প্রমাণিত) | [ত্রিভুজের সমান সমান কোণের বিপরীত বাহু সমান] |

**৯। ABCD চতুর্ভুজের AB = AD এবং $\angle B = \angle D$ = এক সমকোণ। প্রমাণ কর যে, $\triangle ABC \cong \triangle ADC$.**




সমাধান : দেওয়া আছে, ABCD চতুর্ভুজের AB = AD এবং $\angle B = \angle D$ = এক সমকোণ। প্রমাণ করতে হবে যে, $\triangle ABC \cong \triangle ADC$।

অঙ্কন : A, C যোগ করি।

প্রমান :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ABC ও ADC সমকোণী ত্রিভুজদ্বয়ের মধ্যে | |
| (১) $\angle B = \angle D$ | [কল্পনা] |
| (২) $AB = AD$ | [সাধারণ বাহু] |
| (৩) অতিভুজ AC = অতিভুজ AC | [কল্পনা] |
| $\therefore \triangle ABC \cong \triangle ADC$. (প্রমাণিত) | [অতিভুজ-বাহু উপপাদ্য] |

www.abswer.com

www.abswer.com



## সৃজনশীল অংশ — কমন উপযোগী সৃজনশীল প্রশ্নের সমাধান করি

### মাস্টার ট্রেইনার প্যানেল প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

**শিখনফল :** বাহু-বাহু-বাহু উপপাদ্য বিবৃত ও প্রমাণ করতে পারব।

**প্রশ্ন ১।** $\triangle ABC$ এবং $\triangle DEF$-এ $AB = DE$, $AC = DF$ এবং $BC = EF$.

ক. তথ্যানুসারে চিত্র অঙ্কন কর। ২

খ. প্রমাণ কর যে, $\angle BAC = \angle EDF$. ৪

গ. আরও প্রমাণ কর যে, $\triangle ABC \cong \triangle DEF$. ৪

#### ১নং প্রশ্নের সমাধান

**ক**



চিত্রে $\triangle ABC$ এবং $\triangle DEF$ এ $AB = DE$, $AC = DF$ এবং $BC = EF$।

**খ** মনে করি, $\triangle ABC$ এবং $\triangle DEF$-এ $AB = DE$, $AC = DF$ এবং $BC = EF$। প্রমাণ করতে হবে যে, $\angle BAC = \angle EDF$.



প্রমাণ : মনে করি, BC এবং EF বাহু যথাক্রমে $\triangle ABC$ এবং $\triangle DEF$ এর বৃহত্তম বাহুদ্বয়।

এখন $\triangle ABC$ কে $\triangle DEF$ এর উপর এমনভাবে স্থাপন করি, যেন B বিন্দু E বিন্দুর উপর ও BC বাহু EF বাহু বরাবর এবং EF রেখার যে পাশে D বিন্দু আছে, A বিন্দু এর বিপরীত পাশে পড়ে। মনে করি, G বিন্দু A বিন্দুর নতুন অবস্থান।

যেহেতু $BC = EF$, C বিন্দু F বিন্দুর উপর পড়বে। সুতরাং $\triangle GEF$ হবে $\triangle ABC$ এর নতুন অবস্থান। অর্থাৎ, $EG = BA$, $FG = CA$ ও $\angle EGF = \angle BAC$. D, G যোগ করি।

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\triangle EGD$ এ $EG = ED$<br>অতএব, $\angle EDG = \angle EGD$ | [কারণ $EG = BA = ED$]<br>[ত্রিভুজের সমান বাহুদ্বয়ের বিপরীত কোণ পরস্পর সমান] |
| (২) $\triangle FGD$ এ $FG = FD$<br>অতএব, $\angle FDG = \angle FGD$. | [ত্রিভুজের সমান বাহুদ্বয়ের বিপরীত কোণদ্বয় পরস্পর সমান] |
| (৩) সুতরাং, $\angle EDG + \angle FDG = \angle EGD + \angle FGD$<br>বা, $\angle EDF = \angle EGF$<br>∴ $\angle BAC = \angle EDF$. (প্রমাণিত) | |

**গ** মনে করি, $\triangle ABC$ এবং $\triangle DEF$ এ $AB = DE$, $AC = DF$ এবং $BC = EF$।



প্রমাণ করতে হবে যে, $\triangle ABC \cong \triangle DEF$।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\triangle ABC$ এবং $\triangle DEF$ এ<br>$AB = DE$<br>$AC = DF$<br>এবং $\angle BAC = \angle EDF$<br>∴ $\triangle ABC \cong \triangle DEF$. (প্রমাণিত) | [খ-হতে]<br>[বাহু-কোণ-বাহু উপপাদ্য] |

**প্রশ্ন ২।**



চিত্রে $AB = AC$.

ক. $\triangle ABC$-এর $\angle ABC = 70°$ হলে, $\angle BAC$ = কত ডিগ্রি? ২

খ. প্রমাণ কর, $\triangle ABC$ এর বহিঃস্থ কোণ দুইটি পরস্পর সমান। ৪

গ. $\angle BAD = \angle CAE$ হলে প্রমাণ কর $AD = AE$. ৪

#### ২নং প্রশ্নের সমাধান

**ক** এখানে, $\triangle ABC$ এ $\angle ABC = 70°$

$AB = AC$

∴ $\angle ACB = \angle ABC$ [∵ ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণদ্বয় পরস্পর সমান]

বা, $\angle ACB = 70°$ [∵ $\angle ABC = 70°$]

$\angle BAC + \angle ABC + \angle ACB = 180°$ [∵ ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°]

বা, $\angle BAC = 70° + 70° = 180°$

বা, $\angle BAC + 140° = 180°$

বা, $\angle BAC = 180° - 140°$

∴ $\angle BAC = 40°$

**খ** এখানে, $\triangle ABC$-এ $AB = AC$ এবং এর বহিঃস্থ কোণদ্বয় $\angle ABD$ ও $\angle ACE$। প্রমাণ করতে হবে যে, $\angle ABD = \angle ACE$।



প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\triangle ABC$ এ $AB = AC$<br>∴ $\angle ACB = \angle ABC$ | [ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণদ্বয় পরস্পর সমান] |
| (২) $\angle ABD + \angle ABC = 180°$<br>এবং $\angle ACE + \angle ACB = 180°$ | [সরল কোণ]<br>[সরল কোণ] |
| ∴ $\angle ABD + \angle ABC = \angle ACE + \angle ACB$<br>বা, $\angle ABD + \angle ABC = \angle ACE + \angle ABC$<br>অতএব, $\angle ABD = \angle ACE$. (প্রমাণিত) | [ধাপ (১) হতে] |

**গ** এখানে, $\triangle ABC$ এ $AB = AC$ এবং $\angle BAD = \angle CAE$.

প্রমাণ করতে হবে যে, $AD = AE$.

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\triangle ABD$ ও $\triangle ACE$ এ<br>$\angle BAD = \angle CAE$<br>$AB = AC$<br>এবং $\angle ABD = \angle ACE$<br>∴ $\triangle ABD \cong \triangle ACE$<br>অতএব, $AD = AE$. (প্রমাণিত) | [খ- হতে]<br>[বাহু-কোণ-বাহু উপপাদ্য] |

www.abswer.com

www.abswer.com



**প্রশ্ন ৩** চিত্রে $\Delta ABC$ এ $AB = AC$, $BD = DC$ এবং $DE = DF$.




ক. $\angle ABC = 50°$ হলে $\angle BAC$ এর মান নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $\angle EDB = \angle FDC$. ৪

গ. A ও D যোগ করে প্রমাণ কর যে, AD, $\angle EDF$ এর সমদ্বিখণ্ডক। ৪

### ৩নং প্রশ্নের সমাধান

**ক**




$\Delta ABC$-এ $AB = AC$

$\therefore$ $\angle ABC = \angle ACB$ [সমান সমান বাহুর বিপরীত কোণদ্বয় সমান]

$\angle ABC = 50°$

$\therefore$ $\angle ACB = 50°$

$\angle BAC + \angle ABC + \angle ACB = 180°$

বা, $\angle BAC + 50° + 50° = 180°$

বা, $\angle BAC + 100° = 180°$

বা, $\angle BAC = 180° - 100°$

$\therefore$ $\angle BAC = 80°$

**খ** মনে করি, $\Delta ABC$ এ $BA = CA$। $BD = CD$ এবং $ED = FD$। প্রমাণ করতে হবে যে, $\angle EDB = \angle FDC$.




প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\Delta EDB$ ও $\Delta FDC$ এ | |
| $BD = CD$ | [কল্পনা] |
| $ED = FD$ | [কল্পনা |
| $\angle EBD = \angle FCD$ | [$BA = CA$] |
| $\therefore EB = FC$ | [সমান সমান কোণের বিপরীত বাহু সমান] |
| $\therefore \Delta EDB \cong \Delta FDC$ | |
| $\angle EDB = \angle FDC$. (প্রমাণিত) | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |

**গ** মনে করি, $\Delta ABC$ এ $AB = AC$, $BD = DC$ এবং $DE = DF$। A ও D যোগ করি। প্রমাণ করতে হবে যে, AD, $\angle EDF$ এর সমদ্বিখণ্ডক অর্থাৎ $\angle EDA = \angle FDA$ প্রমাণ করাই যথেষ্ট।




প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) $\Delta EDA$ ও $\Delta FDA$ এ | |
| $ED = FD$ | [কল্পনা] |
| $AD = AD$ | [সাধারণ বাহু] |
| (২) $\Delta EDB \cong \Delta FDC$ | [খ থেকে প্রাপ্ত] |
| $\therefore$ $EB = FC$ | |
| $\therefore$ $BA - EB = CA - FC$ | [$\because BA = CA$] |
| $\therefore$ $EA = FA$ | |
| $\therefore$ $\Delta EDA \cong \Delta FDA$ | [বাহু-বাহু-বাহু] |
| $\therefore$ $\angle EDA = \angle FDA$ | |
| $\therefore$ AD, $\angle EDF$ এর সমদ্বিখণ্ডক। (প্রমাণিত) | |

**প্রশ্ন ৪** $\Delta ABC$ এর অভ্যন্তরস্থ P এমন একটি বিন্দু যেন $\angle APB = \angle APC$ এবং $BP = CP$.

ক. প্রদত্ত তথ্যের আলোকে চিত্র আঁক। ২

খ. প্রমাণ কর যে, $AB = AC$. ৪

গ. প্রমাণ কর যে, $\angle ABC = \angle ACB$. ৪

### ৪নং প্রশ্নের সমাধান

**ক**




চিত্রে $\Delta ABC$ এর অভ্যন্তরস্থ P এমন একটি বিন্দু যেন $\angle APB = \angle APC$ এবং $BP = CP$।

**খ** মনে করি, $\Delta ABC$ এর অভ্যন্তরস্থ P এমন একটি বিন্দু যেন $\angle APB = \angle APC$ এবং $BP = CP$। প্রমাণ করতে হবে যে, $AB = AC$।




অঙ্কন : A, P যোগ করি।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ১. $\Delta ABP$ ও $\Delta ACP$-এ | |
| $BP = CP$ | [কল্পনা] |
| $\angle APB = \angle APC$ | [কল্পনা] |
| $AP = AP$ | [সাধারণ বাহু] |
| $\therefore \Delta ABP \cong \Delta ACP$ | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| $\therefore AB = AC$ (প্রমাণিত) | |

**গ** মনে করি, $\Delta ABC$ এর অভ্যন্তরস্থ P এমন একটি বিন্দু যেন $\angle APB = \angle APC$ এবং $BP = CP$। প্রমাণ করতে হবে যে, $\angle ABC = \angle ACB$।




অঙ্কন : $\angle BAC$ এর সমদ্বিখণ্ডক AD আঁকি যেন তা BC কে D বিন্দুতে ছেদ করে।

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ১. $\Delta ABD$ ও $\Delta ACD$ এ, | |
| $AB = AC$ | [খ হতে] |
| $AD = AD$ | [সাধারণ বাহু] |
| $\angle BAD = \angle CAD$ | [অঙ্কন] |
| $\therefore$ $\Delta ABD \cong \Delta ACD$ | [বাহু-কোণ-বাহু উপপাদ্য] |
| $\therefore$ $\angle ABD = \angle ACD$ | |
| অর্থাৎ $\angle ABC = \angle ACB$. (প্রমাণিত) | |

## শীর্ষস্থানীয় স্কুলসমূহের সৃজনশীল প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ৫** ABC ও DEF সমকোণী ত্রিভুজের অতিভুজ AC = অতিভুজ DF এবং AB = DE.

ক. উপরের তথ্যের ভিত্তিতে ত্রিভুজ দুইটির চিত্র আঁক। ২

খ. প্রমাণ কর যে, $\Delta ABC \cong \Delta DEF$. ৪

গ. যদি ABC ত্রিভুজটির AB = AC হয় তবে প্রমাণ কর যে, $\angle ACB = \angle ABC$. ৪

[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

### ৫নং প্রশ্নের সমাধান

**ক** চিত্রে, $\Delta ABC$ এবং $\Delta DEF$ এ অতিভুজ AD = অতিভুজ DF এবং AB = DE.




www.abswer.com

www.abswer.com



**খ**




মনে করি, ABC ও DEF সমকোণী ত্রিভুজদ্বয়ে অতিভুজ AC = অতিভুজ DF এবং AB = DE. প্রমাণ করতে হবে যে, ΔABC ≅ ΔDEF.

প্রমাণ :

| ধাপ | যথার্থতা |
|---|---|
| (১) ΔABC কে ΔDEF এর উপর এমনভাবে স্থাপন করি যেন, B বিন্দু E বিন্দুর উপর, BA বাহু ED বাহু বরাবর এবং C বিন্দু DE এর যে পাশে F বিন্দু আছে এর বিপরীত পাশে পড়ে। ধরি, C বিন্দুর নতুন অবস্থান G। | |
| (২) যেহেতু AB = DE, A বিন্দু D বিন্দুর উপর পড়বে। ফলে ΔDEG হবে ΔABC এর নতুন অবস্থান অর্থাৎ DG = AC, ∠G = ∠C ∠DEG = ∠B = 1 সমকোণ। | |
